

# ২৭ ফেব্রুয়ারি থেকে এইচএসসির সনদ বিতরণ শুরু

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৫:৪৯, ১৬ ফেব্রুয়ারি ২০২৪



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর (মাউসি)

আগামী ২৭ ফেব্রুয়ারি থেকে ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের মূল সনদ বিতরণ শুরু করবে ঢাকা শিক্ষা বোর্ড। ৬ মার্চ পর্যন্ত বোর্ড থেকে ওই বছরে এইচএসসি উত্তীর্ণদের মূল সনদ বিতরণ করা হবে। কলেজের অধ্যক্ষ নিজে বা প্রতিনিধি মারফত বোর্ড থেকে সনদ গ্রহণ করে শিক্ষার্থীদের বিতরণ করবেন।

UNIBOTS

গত মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) মোঃ হেলাল উদ্দিন স্বাক্ষরিত এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হয়।

বিজ্ঞপ্তি বলা হয়, আগামী ২৭ ফেব্রুয়ারি প্রথম দিনে কিশোরগঞ্জ ও মানিকগঞ্জের কলেজগুলোর এইচএসসি উত্তীর্ণদের সনদ বিতরণ করা হয়। ২৮ ফেব্রুয়ারি গোপালগঞ্জ ও নারায়ণগঞ্জ, ২৯ ফেব্রুয়ারি মাদারীপুর ও ফরিদপুর, ৩ মার্চ রাজবাড়ী, শরীয়তপুর ও নরসিংদী, ৪ ফেব্রুয়ারি মুন্সিগঞ্জ ও টাঙ্গাইল, ৫ ফেব্রুয়ারি ঢাকা জেলা, গাজীপুর এবং ৬ ফেব্রুয়ারি ঢাকা মহানগরের কলেজগুলোর শিক্ষার্থীদের এইচএসসি পরীক্ষার মূল সনদ বিতরণ করা হবে।

বিজ্ঞপ্তিতে কলেজগুলোর অধ্যক্ষ বা তার প্রতিনিধিকে শিক্ষার্থীদের মূল সনদ গ্রহণ করতে বলা হয়েছে। বোর্ডের ৪ নম্বর ভবনের ৫ তলা থেকে এইচএসসি সনদ বিতরণ করা হবে। নির্ধারিত দিনে নির্ধারিত জেলার অধ্যক্ষ বা প্রতিনিধিরা সকাল ১০ টা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত সনদ তুলতে পারবেন।

বোর্ড জানিয়েছে, মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপ ওয়ারী কতজন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ বোর্ডে আসতে হবে। অধ্যক্ষ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করতে বলেছে ঢাকা বোর্ড।

ভারপ্রাপ্ত অধ্যক্ষদের নিজের বা প্রতিনিধির বেলায় প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির বা গভর্নিং বডি়র সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের ওপর ম্যানেজিং কমিটির সভাপতি বা গভর্নিং বডি়র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর নিয়ে আসতে বলা হয়েছে। তাছাড়া মূল সনদ দেয়া সম্ভব হবে না বলে সাফ জানিয়েছে ঢাকা বোর্ড।

---